

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৮৭৪

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৫১. রুকু' ও সাজদার দু'আ

باب مَا يَقُولُ الرَّجُلُ فِي رُكُوعِهِ وَسُجُودِهِ

আরবী

- حَدَّثَنَا أَبُو الْوَلِيدِ الطَّيَالِسِيُّ، وَعَلِيُّ بْنُ الْجَعْدِ، قَالَا حَدَّثَنَا شُعْبَةُ، عَنْ عَمْرِو بْنِ مُرَّةَ، عَنْ أَبِي حَمْزَةَ، مَوْلَى الأَنْصَارِ عَنْ رَجُل، مِنْ بَنِي عَبْسٍ عَنْ حُذَيْفَةَ، أَنَّهُ رَأَى رَسُولُ اللهِ عَنْ أَبِي حَمْزَةَ، مَوْلَى الأَنْصَارِ عَنْ رَجُل، مِنْ بَنِي عَبْسٍ عَنْ حُذَيْفَةَ، أَنَّهُ رَأَى رَسُولُ اللهِ صلى الله عليه وسلم يُصَلِّي مِنَ اللَّيْلُ فَكَانَ يَقُولُ " اللهُ أَكْبَرُ - ثَلَاثًا - ذُو الْمَلَكُوتِ وَالْجَبَرُوتِ وَالْكِبْرِيَاءِ وَالْعَظَمَةِ " . ثُمَّ اسْتَفْتَحَ فَقَرَأً الْبَقَرَةَ ثُمَّ رَكَعَ فَكَانَ رُكُوعُهُ نَحْوًا مِنْ وَلَاجَمْدُ اللهِ عَلَيمِ اللهِ عَلَى الْعَظِيمِ اللهُ عَلَيمِ اللهُ عَلَيمِ اللهُ عَلَيمِ اللهُ عَلَيمِ اللهُ وَيَ رُكُوعِهِ " سُبْحَانَ رَبِّي الْعَظِيمِ اللهُ عَلَيمِ اللهُ مَدْدُ " . ثُمَّ سَجَدَ فَكَانَ وَيَامُهُ نَحْوًا مِنْ رُكُوعِهِ يَقُولُ " لِرَبِّي الْعَظِيمِ " . ثُمَّ سَجَدَ فَكَانَ سُجُودُهُ اللهُ مُن الرُّكُوعِ فَكَانَ يَقُولُ فِي سُجُودِهِ " سُبْحَانَ رَبِّي الْأَعْلَى " . ثُمَّ سَجَدَ فَكَانَ سَجُودُهُ اللهُ عُلَى " . ثُمَّ سَجَدَ فَكَانَ يَقُولُ " رَبِّ اغْفِرْ سُجُودِهِ وَكَانَ يَقُولُ " رَبِّ اغْفِرْ لِي " . فَصَلَّى أَرْبَعَ رَكَعَاتٍ فَقَرَأَ فِيهِنَّ الْبَقَرَةَ وَآلَ عِمْرَانَ وَالنِسَاءَ وَالْمَائِدَةَ وَالَا عَمْرَانَ وَالنِسَاءَ وَالْمَائِدَةَ وَالْ الْبَعْرَةَ وَآلَ عِمْرَانَ وَالنِسَاءَ وَالْمَائِدَةَ وَالْانَعَامَ شَكَ شُعْبُةُ .

_ صحیح

বাংলা

৮৭৪। হ্যাইফাহ্ (রাঃ) সূত্রে বর্ণিত। একদা রাতে তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-কে সালাত আদায় করতে দেখলেন। এ সময় তিনি (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) তিনবার 'আল্লাহ্ আকবার' বলার পর 'যুল-মালাকৃতি ওয়াল জাবারুতি ওয়াল কিবরিয়াই ওয়াল 'আ্যমাতি' পাঠ করেন। অতঃপর তিনি সূরাহ্ বাক্লারাহ তিলাওয়াত শুরু করেন এবং তাঁর রুকৃ' ছিলো কিয়ামের সমপরিমাণ সময়। তিনি রুকৃ'তে 'সুবহানা রব্বিয়াল 'আ্যমি, সুবহানা রব্বিয়াল 'আ্যমি' পাঠ করেন। অতঃপর রুকৃ' হতে মাথা উঠিয়ে প্রায় রুকৃ'র সমপরিমাণ সময় দাঁড়িয়ে থাকেন এবং এ সময় 'লি-রব্বিয়াল হামদ' পাঠ করেন।



অতঃপর তিনি সিজদায় গিয়ে তাতে কিয়ামের অনুরূপ সময় অবস্থান করেন এবং এ সময় 'সুবহানা রব্বিয়াল আ'লা' পাঠ করেন। অতঃপর সিজদা হতে মাথা উঠিয়ে দু' সাজদার মাঝে সিজদায় অবস্থানের সমপরিমাণ সময় বসে থাকেন এবং এখানে তিনি 'রব্বিগফিরলী' পাঠ করেন। এরূপে তিনি চার রাক'আত সালাত আদায় করেন এবং এ সালাতে সূরাহ আল-বাকারাহ, সূরাহ আলে-'ইমরান, সূরাহ নিসা এবং সূরাহ মায়িদাহ্ অথবা সূরাহ আন'আম তিলাওয়াত করেন।[1]

সহীহ।

English

Narrated Hudhayfah:

Hudhayfah saw the Messenger of Allah (ﷺ) praying at night. He said: Allah is most great" three times, "Possessor of kingdom, grandeur, greatness and majesty."

He then began (his prayer) and recited Surah al-Baqarah; then he bowed and he paused in bowing as long as he stood up; he said while bowing, "Glory be to my mighty Lord," "Glory be to my mighty Lord"; then he raised his head, after bowing: then he stood up and he paused as long as he paused in bowing and said, "Praise be to my Lord"; then he prostrated and paused in prostration as long as he paused in the standing position; he said while prostrating: "Glory be to my most high Lord"; then he raised his head after prostration, and sat as long as he prostrated, and said while sitting: "O my Lord forgive me."

He offered four rak'ahs of prayer and recited in them Surah al-Baqarah, Aal Imran, an-Nisa, al-Ma'idah, or al-An'am. The narrator Shu'bah doubted.

ফুটনোট

[1] নাসায়ী (অধ্যায় : তাত্ববীক, অনুঃ দু' সাজদার মাঝে দু'আ, হাঃ ১১৪৪), আহমাদ, তিরমিয়ী 'শামায়িলি মাহমুদিয়্যাহ (হাঃ ২৬২)।

হাদিসের শিক্ষা

* এই হাদীস হতে শিক্ষণীয় বিষয়:



১। এই হাদীসটির দ্বারা প্রমাণিত হয় যে, নামাজের অবস্থায় দুই সিজদার মধ্যবর্তী সময়ে বসার অবস্থায় পঠনীয় দোয়া হলো:

২। আল্লাহর রাসূল [সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম]হতে দুই সিজদার মধ্যবর্তী সময়ে বসার অবস্থায় অনেক রকম দোয়া পাঠ করার বিবরণ অনেকগুলি হাদীস দ্বারা প্রমাণিত হয়েছে। কিন্তু এই বিষয়টিকে সংক্ষিপ্ত করার উদ্দেশ্যে অন্য হাদীসগুলির কথা উপস্থাপন করলাম না।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ হুযায়ফাহ ইবন আল-ইয়ামান (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন